



# চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ

নং-চভেএসাবি/নি:বি:-৪০(অংশ-৮)/২০১৭/৮১৯

তারিখ: ১৮/০৪/২০১৭ খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল ২০১৫)	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	উপ-পরীক্ষা নিয়ন্ত্রক স্কেল: ৪৩০০০-৬৯৮৫০/-	০১	প্রার্থীকে স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমমান গ্রেডে স্নাতকোত্তর পাশ হতে হবে এবং সরকারী/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত/আধা-সরকারী প্রতিষ্ঠানে ১ম শ্রেণীর পদে ১০(দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে 'সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক'/সমমান পদে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পাবলিক বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা সংক্রান্ত কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

### প্রার্থীর জন্য প্রযোজ্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ:

- ১। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের অগ্রহী প্রার্থীকে এ বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরমে সকল কাগজপত্র সম্বলিত পৃথক পৃথক ৯(নয়) সেট আবেদনপত্র একটি খামে আগামী ১৮/০৫/২০১৭ তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪২২৫ বরাবরে অফিস চলাকালীন (সকাল ৯:০০ হতে বিকাল ৫:০০ ঘটিকা) সময়ে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। প্রার্থী পদের নাম খামের উপরে স্পষ্ট করে উল্লেখ করতে হবে।
- ২। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের জন্য নির্ধারিত 'আবেদনপত্র' (Application Form) এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.cvasu.ac.bd](http://www.cvasu.ac.bd)) বা রেজিস্ট্রার অফিস হতে সংগ্রহ করা যাবে।
- ৩। রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় এর অনুকূলে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের জন্য ৭০০/- (সাতশত) টাকার (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (জনতা ব্যাংক লি:, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম হতে উত্তোলনযোগ্য হতে হবে) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।
- ৪। উল্লেখিত পদে প্রার্থীর বয়সসীমা ৪৫(পঁয়তাল্লিশ) বছর এবং আবেদন দাখিলের সর্বশেষ তারিখ (১৮/০৫/২০১৭) অনুযায়ী প্রার্থীর বয়সসীমা নির্ধারিত হবে। বয়স নির্ধারণের ক্ষেত্রে কোন হলফনামা (Affidavit) গ্রহণযোগ্য নয়।
- ৫। সরকারী/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত/আধা-সরকারী প্রতিষ্ঠানে নিয়োজিত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৬। অভিজ্ঞতা বলতে- সরকারী/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত/আধা-সরকারী প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সাথে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।
- ৭। আবেদনপত্রে আবেদনকারীর পূর্ণ জীবন-বৃত্তান্ত যথা: (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) ধর্ম (ঝ) জাতীয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং (ঠ) অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) (ড) মোবাইল নম্বর প্রভৃতি উল্লেখ করতে হবে।
- ৮। প্রার্থীকে আবেদনের সাথে (ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদের কপি; (খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং (ঙ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- ৯। প্রার্থীর কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণী/বিভাগ/সমতুল্য গ্রেড গ্রহণযোগ্য নয় এবং সংশ্লিষ্ট পদে চাহিত যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।
- ১০। প্রার্থী উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়নরত থাকলে তা আবেদনে অবশ্যই উল্লেখ করতে হবে এবং পরবর্তীতে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হওয়ার পরে কর্তৃপক্ষের পূর্বনুমতি ব্যতিরেকে উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়ন করলে বা উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়নরত থাকার বিষয়টি আবেদনে উল্লেখ না করলে, উক্ত কোর্স/ডিগ্রি/প্রোগ্রামের জন্য কোন সুবিধা প্রাপ্য হবেন না।
- ১১। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানী'র অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সংশ্লিষ্ট প্রার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের কপি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়ন পূর্বক আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ১২। ভূয়া তথ্য সম্বলিত/ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ/কুরিয়ার সার্ভিস ও ডাক যোগাযোগসহ অন্য কোন কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং আবেদন দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের পর, পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস সংযোজনযোগ্য নয়।
- ১৩। প্রয়োজনে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ/বাতিলকরণ, শর্তাদির স্পষ্টায়ন/শর্ত শিথিলকরণ এবং নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৪। নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

*Mirza Faruk Imam*  
12.04.17

মীর্জা ফারুক ইমাম  
রেজিস্ট্রার  
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল  
সাইন্সেস বিশ্ববিদ্যালয়

মীর্জা ফারুক ইমাম  
রেজিস্ট্রার

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়